

## পোকার নাম

ধানের মাজরা পোকা (Rice Stem Borer)

## ক্ষতির ধরন

- হলুদ, কালো মাথা ও গোলাপী মাজরা পোকার কীড়া ধান ক্ষেতে বিভিন্ন মৌসুমে ক্ষতি করে।
- কীড়া কাণ্ডের ভিতর থেকে মাঝ পাতা ও শীষের গোড়া কেটে দেয় এর ফলে মরা ডিগ (Dead heart) ও সাদা শীষ (White head) হয়।
- পাতার খোল হলুদ হয়ে যায়, খোলে ছিদ্র দেখা যায় ও কাণ্ড ভেঙ্গে যায়।
- গাছের সতেজতা কমে যায় ও ধান চিটা হয়।



ধানের হলুদ মাজরা পোকা

## ব্যবস্থাপনা

- প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন জাত ব্যবহার করা যেমন: বিআর-১০, বি-আর-১১, বিআর-২২ ইত্যাদি।
- ক্ষেতে ডাল বা কশি পুঁতে পাখি বসার ব্যবস্থা করা।
- হাত জাল দিয়ে মাজরা পোকা ধরে মেরে ফেলা।
- ধান কাটার পর নাড়া পুড়ে ফেলা।
- পরজীবি পোকারা প্রায় ৮০% পোকার ডিম নষ্ট করে, তাই পরজীবি পোকা (বোলতা) সংরক্ষণ করা।
- আলোর ফাঁদ ব্যবহার করে মথ ধ্বংস করা।



ধানের মরা ডিগ



ধানের সাদা শীষ

- ফেরোমন ফাঁদ ব্যবহার করে পুরষ্ক মথ ধরে নষ্ট করা।
- মেহগনির বীজ পানিতে ভিজিয়ে রেখে যে কষ বের হয় তার ৬/৭ গুণ পানিতে মিশিয়ে স্প্রে করলে ভাল ফল পাওয়া যায়।
- উপরের পদ্ধতি সমূহ ব্যবহার করে নিয়ন্ত্রণ করা সম্ভব না হলে প্রতি বর্গমিটারে গড়ে ২-৩টি স্ত্রী মথ বা ডিমের গাদা, অথবা শতকরা ১০টি মরাডিগ বা ৫টি সাদা শীষ হলে অনুমোদিত বালাইনাশক ব্যবহার করা।



হলুদ খোল

ছিদ্রযুক্ত খোল

ভাঙ্গা কাণ্ড

দুর্বল গাছ

- হেক্টর প্রতি কার্বোফুরান ৫জি (ফুরাটাফ/ফুরাডান) ১০ কেজি, কার্বোসালফান (মার্শাল) ১.১৫ লি:, কারটাপ (সুমিটাপ) ১.২০ লি:, বাসুডিন ১০ জি ১৬.৮ কেজি, ডায়াজিনন ১.৬০ লি:, ফেনিট্রোথিয়ন (সুমিথিয়ন) ১.১২ লি:, ফেথথয়েট (ক্যাপ) ১.৭০ লি: এদের যে কোন একটি বালাইনাশক ব্যবহার করা।

আরো বিস্তারিত জানতে কল করুন ০১৭৪৬৭৭৪২৮১ নম্বরে  
ভিজিট করুন [www.ekrishok.com](http://www.ekrishok.com) ওয়েবসাইটে

এস এম এস এর মাধ্যমে কৃষি সমস্যার সমাধান পেতে Sub  
লিখে এসএমএস করুন ১৬২৫০ নম্বরে  
ভিজিট করুন [www.ekrishok.com](http://www.ekrishok.com) ওয়েবসাইটে

